কালের কণ্ঠ

তারিখ · 25 MAR 2016 ·
পৃ: ·· ৬ ·· কলাম ···· ১ ···

আইইউবি সমাবর্তনে শিক্ষামন্ত্রী

# শিক্ষার গুণগত মান অর্জনই বড় চ্যালেঞ্জ

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষার হার বাড়ানো নয়, শিক্ষার গুণগত মান অর্জনকেই সবচেয়ে বড় চ্যালেঞ্জ হিসেবে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তাঁর মতে, শিক্ষার মূল লক্ষ্য হওয়া উচিত ভবিষ্যতের জন্য দক্ষ প্রতিনিধি সৃষ্টি করা। কিন্তু বর্তমান শিক্ষা ব্যবস্থায় তা ঠিকঠাক হচ্ছে না। তাই প্রযুক্তিনির্ভর ও দক্ষ জনবল সৃষ্টির জন্য বিশ্ববিদ্যালয়গুলোকে নতুন নতুন গবেষণা করতে হবে।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় অবস্থিত 'ইনডিপেন্ডেন্ট ইউনির্ভাসিটি, বাংলাদেশ'-এর (আইইউবি) ১৭তম সমাবর্তনে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

সমাবর্তন অনুষ্ঠানে অন্যদের মধ্যে প্রধানমন্ত্রীর জ্বালানি ও খনিজ সম্পদবিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী, ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান রাশেদ চৌধুরী, উপাচার্য এম ওমর রহমান, শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সাংস্কৃতিক উন্নয়নবিষয়ক ট্রাস্ট এ মতিন চৌধুরী প্রমুখ বক্তব্য দেন।

সমাবর্তনে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের এক হাজার ৩৮৮ শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। তাঁদের মধ্যে চারজনকে অসামান্য কৃতিত্বের জন্য দেওয়া হয় বিশেষ সম্মাননা। এদের মধ্যে মাহতাব ফাহিম শিক্ষা, সাকিবা বিনতে আলী সংস্কৃতি, সালমান আহমেদ সমাজসেবা এবং হিশাম রহমানকে ক্রীড়ায় এ স্বীকৃতি দেওয়া হয়।